

ভোবের কাগজ

তারিখ
পৃষ্ঠা ৩১

খুলনা বিশ্ববিদ্যালয়ের মাস্টাররোলের ৬৬ জন কর্মচারীর ভাগ্য অনিশ্চিত

খুলনা প্রতিনিধি : খুলনা বিশ্ববিদ্যালয়ের জনাঙ্গ থেকে মাস্টাররোলে চাকরির ৬৬ জন কর্মচারীর ভাগ্যের কোনো পরিবর্তন হয়নি। অনেকের সরকারি চাকরির বয়সসীমা অতিক্রম করায় তারা এমন হতাশায় ভুগছে। প্রত্যেক উপাচার্য তাদেরকে চাকরিতে স্থায়ী করার আশ্বাস দিলেও কাজের কাজ কিছুই হয়নি।

বিশ্ববিদ্যালয় সূত্রে জানা গেছে, বিশ্ববিদ্যালয়ের প্রতিষ্ঠালগ্ন থেকেই বিভিন্ন পদে প্রকল্প পরিচালক-কাম উপাচার্য ড. গোলাম রহমানের আমলে বেশকিছু এবং পরবর্তী উপাচার্য ড. গোলাম আলী ফকিরের আমলে ৭০ জনকে মাস্টাররোলে নিয়োগ দেওয়া হয়। মাস্টাররোলে নিয়োগপ্রাপ্তদের মধ্যে অনেকে মাস্টার ডিগ্রি, স্নাতক ও এইচএসসি পাশ রয়েছে। দুই উপাচার্য কথা দিলেও তাদের চাকরি স্থায়ী হয়নি। বিগত উপাচার্য ড. এন এম নজরুল ইসলামের আমলে মাস্টাররোলের ৪ জন কর্মচারীকে স্থায়ী নিয়োগ দিয়েছেন। প্রায় ১০ বছরের বেশি সময় ধরে মাস্টাররোলের কর্মচারীরা বিভিন্ন মজায় আন্দোলন করলেও আশ্বাসবাণী ছাড়া কিছুই পায়নি। অনেকের সরকারি চাকরির বয়সসীমা অতিক্রম হওয়ায় তারা হতাশ হয়ে পড়েছে।

অভিযোগ আছে, মাস্টাররোলে তাদেরকে নিয়োগের ক্ষেত্রেও দুর্নীতির আশ্রয় নেওয়া হয়েছে।